দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 25 FEB 1989
পৃষ্ঠা 3 কলাম 2

013

# 'পরীক্ষা পদ্ধতির আমূল পরিবর্তন করা হইবে'

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, সরকার ছাত্র-ছাত্রীদের মেধার প্রকৃত মূল্যায়ন এবং পরীক্ষায় অসদুপায় অবলম্বন রোধে পরীক্ষা পদ্ধতির আমূল পরিবর্তনের সিদ্ধান্ত নিয়াছেন। গত বৃহস্পতিবার যশোর শিক্ষা বোর্ড প্রাঙ্গণে বোর্ডের কর্মকর্তা ও

(৪র্থ পৃ: দ্র:)

## শিক্ষার পদ্ধতির

কর্মচারীদের এক সমাবেশে বক্তৃতাকালে মন্ত্রী বলেন, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় শতকরা ৫০ ভাগ রচনামূলক ও ৫০ ভাগ নৈর্ব্যক্তিক প্রশ্ন পদ্ধতি চালু করা হইতেছে এবং আগামী পরীক্ষাসমূহ সুষ্ঠুভাবে অনুষ্ঠানের জন্য পরীক্ষা কেন্দ্রের সংখ্যা হ্রাস করা হইতেছে। —তথ্য বিবরণী।